# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 31-01-2025 Time: 7-50 P.M.**

## বিশেষ বিশেষ খবরঃ-

১) অর্থমন্ত্রী নির্মলা সীতারমন আগামীকাল সংসদে ২০২৫-২৬-এ কেন্দ্রীয় বাজেট পেশ করবেন।

এদিকে, আজ প্রকাশিত আর্থিক সমীক্ষায় বলা হয়েছে, ২০২৫-২৬ অর্থবর্ষে অর্থনৈতিক বৃদ্ধির হার ৬ দশমিক তিন শতাংশ থেকে ৬ দশমিক আট শতাংশ হতে পারে।

২) প্রয়াগরাজের মহাকুম্ভে পদপিষ্ট হয়ে এপর্যন্ত রাজ্যের ৫ জনের মৃত্যুর খবর পাওয়া গেছে।

রাজ্য সরকার রাজ্যের বাসিন্দাদের সাহায্যার্থে সেখানে একটি টিম পাঠিয়েছে।

৩) রাজ্যপাল সিভি আনন্দ বোসের অভিভাষণের মধ্য দিয়ে আগামী ১০-ই ফেব্রুয়ারী রাজ্য বিধানসভার বাজেট অধিবেশন শুরু হবে।

৪) মানুষের জীবনের নিরাপত্তার কথা মাথায় রেখেই বে-আইনী অবৈধ নির্মাণ ভাঙার কাজ পুরসভা করে যাবে বলে রাজ্যের পুর ও নগরোন্নয়নমন্ত্রী তথা কলকাতা পুরসভার মেয়র ফিরহাদ হাকিম মন্তব্য করেছেন।

৫) হাতি সহ অন্য যেকোন বন্য জন্তুর আক্রমণে ফসল নষ্ট হয়ে যাওয়ার ক্ষতিপূরণ পাওয়ার প্রক্রিয়া সহজ করতে রাজ্য সরকার একটি নতুন অ্যাপ আনছে।

৬) ইডেনে রঞ্জি ট্রফি ক্রিকেটের ম্যাচে দ্বিতীয় দিনের শেষে বাংলা পাঞ্জাবের বিরুদ্ধে প্রথম ইনিংসে ৩৪৩ রান করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

অর্থমন্ত্রী নির্মলা সীতারমন আগামীকাল ২০২৫-২৬-এর কেন্দ্রীয় বাজেট পেশ করবেন।

রাজ্য সরকারের পক্ষ থেকে কেন্দ্রকে ইতমধ্যেই ১-শো দিনের কাজ, জাতীয় স্বাস্থ্য মিশন, গ্রাম সড়ক যোজনার মতো প্রকল্পে বরাদ্দ বৃদ্ধি করা ও সময় মতো টাকা দেওয়ার কথা জানানো হয়েছে। সেই সঙ্গে অন্যান্য প্রকল্পগুলিও যাতে যথাযথ বরাদ্দ পায় সে দাবিও জানানো হয়েছে।

২০২৫-এ আজ কেন্দ্রীয় সরকারের তরফে আর্থিক সমীক্ষা প্রকাশিত হয়। তাতে বলা হয়েছে, ২০২৬ অর্থবর্ষে অর্থনৈতিক বৃদ্ধির হার ৬ দশমিক তিন শতাংশ থেকে ৬ দশমিক ৮ শতাংশ হতে পারে। খরিফ শস্যের রেকর্ড উৎপাদন এবং কৃষি ক্ষেত্রে অনুকূল পরিস্থিতির ওপর ভর করে দেশের গ্রামাঞ্চলে গ্রামীণ চাহিদা বৃদ্ধি পেয়েছে। যদিও বিশ্বব্যাপী মন্দা বাজার এবং অভ্যন্তরীণ পরিস্থিতির মরসুমী পরিবর্তনের ফলে নির্মাণ ক্ষেত্রকে কিছুটা চাপের মুখে পড়তে হয়েছে। তবে, ২০২৫-এর প্রথমার্ধে কৃষি ক্ষেত্রে বৃদ্ধির হার স্থিতিশীল রয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

সমাজের সর্বস্তরের মানুষ হরেক প্রত্যাশা নিয়ে তাকিয়ে থাকেন কেন্দ্রীয় বাজেটের দিকে। চাকুরীজীবীরা চান আয়কর ছাড়, ব্যবসায়ীদের প্রত্যাশা কর ও শুল্ক ছাড় সহ নতুন নানা সুযোগ। আবার বৃত্তিজীবি সর্বস্তরের মানুষেরই প্রত্যাশা বাজেটে জিনিসপত্রের দাম কমিয়ে তাদের জীবন যাপনে সুরাহা করতে যেন কোন উল্লেখযোগ্য পদক্ষেপ করা

হয় । আমাদের প্রতিনিধিরা সেরকমই সমাজের বিভিন্ন স্তরের মানুষের সঙ্গে কথা বলে বাজেট সম্পর্কে তাদের প্রত্যাশার কথা শুনেছেন।

বর্ধমানের কৃষক রাজীব ঘোষ জানিয়েছেন, কৃষিপণ্যের সহায়কমূল্য বৃদ্ধি পাওয়ার ব্যবস্থা করলে কৃষকরা উপকৃত হবেন।

( Bytes- রাজীব ঘোষ)

মূর্শিদাবাদের মধ্যবিত্ত মানুষ রঞ্জিত সরকার বলেছেন, নিত্য প্রয়োজনীয় জিনিষের দাম কমানোর ব্যবস্থা করলে মানুষের অশেষ উপকার হবে।

( বাইট রঞ্জিত সরকার)

নদীয়ার গৃহবধূ কৃষ্ণা পালও মূল্যবৃদ্ধি নিয়ে সরকারকে ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়েছেন।

(বাইট –কৃষ্ণা পাল)

ooooooooooooooooooo

আকাশবাণী আগামীকাল পয়লা ফেব্রুয়ারি , সংসদে অর্থমন্ত্রীর বাজেট ভাষণ, সরাসরি সম্প্রচার করবে। বাজেট পেশের পর থাকবে দিল্লি থেকে বিশেষ বুলেটিন এবং আলোচনা ও ।

এইজন্যে আকাশবাণী কলকাতার সকাল ১০.১০, বেলা ১২.৩০ ও ১২.৫০ এর সংবাদ বুলেটিন, শুধুমাত্র সঞ্চয়িতা প্রচার তরঙ্গে শোনা যাবে।

বেলা ১.৩০ ও ১.৪০ এর খবরের সময় পরিবর্তন করা হয়েছে। পরিবর্তিত সূচী অনুযায়ী ১.৩০র জাতীয় সংবাদ প্রচারিত হবে বেলা তিনটেয় গীতাঞ্জলী প্রচার তরঙ্গে। ১.৪০ এর স্থানীয় সংবাদ প্রচারিত হবে ঐ একই প্রচার তরঙ্গে , ঠিক তারপর, ৩ টে ১০ মিনিট থেকে।

ওইদিন ৫.১০ এর খবরও হবে ১০ মিনিটের, তা শোনা যাবে গীতাঞ্জলীতে ।

অন্যদিকে সন্ধে ৭.৫০ এর স্থানীয় সংবাদের সময়সীমা ও বাড়িয়ে করা হয়েছে ১৫ মিনিট।

রাত ৮.১০ এর খেলার খবর আগামীকাল বাতিল থাকছে।

রাত সাড়ে ৮ টা থেকে ৯ টা পর্যন্ত গীতাঞ্জলীতে প্রচারিত হবে বাজেট নিয়ে বিশেষ অনুষ্ঠান।

০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রয়াগরাজের মহাকুম্ভে পদপিষ্ট হওয়ার ঘটনায় এ পর্যন্ত রাজ্যে মোট পাঁচজনের মৃত্যুর খবর পাওয়া গেছে।

গত মঙ্গলবার রাতের ওই ঘটনায় পশ্চিম বর্ধমানের জামুরিয়ার কেন্দার বাসিন্দা বছর ৪২-এর বিনোদ রুইদাস, মালদার বৈষ্ণবনগরের বাসিন্দা অমিয় সাহা

এবং রামপুরহাটের বাউড়ি পাড়ার গায়ত্রী দে প্রাণ হারিয়েছেন বলে আজ খবর মিলেছে।

এর আগে গতকালই কলকাতার গল্ফগ্রিনের ষাটোর্ধ বাসন্তী পোদ্দার ও পশ্চিম মেদিনীপুরের শালবনীর গোদাপিয়াশালের বাসিন্দা ৭৫ বছরের উর্মিলা ভুঁইয়ার মৃত্যুর খবর পাওয়া গিয়েছিল। জামুরিয়ার বিনোদ রুইদাসের দেহ আজ জামুরিয়ার কেন্দা ফাঁড়িতে নিয়ে আসা হয়।

মালদার বৈষ্ণবনগরের যুবক পেশায় প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক অমিত শাহ্ বাবা-মায়ের সঙ্গে পুন্য স্নানে গিয়ে পদপিষ্ট হন।

৩১ জনের একটি দল কুম্ভে স্নানে গিয়ে মৃত্যু হয়েছে রামপুরহাটের ১১ নম্বর ওয়ার্ডের বাউরি পাড়ার গায়ত্রী দে-র। মঙ্গলবার রাতে যোগাযোগ বিচ্ছিন্ন হওয়ার পরে বাড়ির লোকের কাছে তাঁর মৃত্যু সংবাদ আসে। জেলা প্রশাসনের পাঠানো ছবি দেখেও তাঁকে শনাক্ত করা হয়।

এখনও নিখোঁজ মালদাহ কৃষ্ণপল্লীর বাসিন্দা ষাটোর্ধ অনিতা ঘোষ,কলকাতার সুবীর নস্কর, পূর্ব মেদিনীপুরের পবন জানা, বীরভূমের অসিত কুমার রায়, দুবরাজপুরের পুরবী গোপ, দার্জিলিং- এর পুতুল রায়,উত্তর দিনাজপুরের সুনীতা মন্ডল রানাঘাটের গৃহবধূ বছর ৫৪-র সুমিত্রা পাল এবং কোচবিহারের মহেন্দ্র বর্মন বৈদ্যবাটির দীনেশ ঘোষ।

রাজ্য সরকার উত্তর প্রদেশ প্রশাসনের সঙ্গে যোগাযোগ রেখে চলছে। দিল্লির রেসিডেন্ট কমিশনের অফিস থেকে একটি দল প্রয়াগরাজ পৌঁছেছে।

oooooooooooooooooooooo

প্রয়াগরাজে মহাকুম্ভে পদপিষ্ট হয়ে মৃতদের দেহের ময়নাতদন্ত না করে বা যথাযথ ডেথ সার্টিফিকেট না দিয়ে পরিজনদের হাতে তুলে দেওয়া হচ্ছে না বলে অভিযোগ ওঠায় রাজ্য সরকার উদ্বিগ্ন। এই অবস্থায় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি নির্দেশে রাজ্যের মুখ্য সচিব মনোজ পন্থ বিষয়টি নিয়ে উত্তরপ্রদেশের সরকারের সাথে কথা বলছেন। জানা গেছে মহাকুম্ভে পদপিষ্ট হয়ে মৃত এ রাজ্যের দুই বাসিন্দার দেহ রাজ্যে পাঠানো হয়েছে। ডেথ সার্টিফিকেটের বদলে তাদের একটি চিরকুট দেওয়া হয়েছে। তাতে উত্তরপ্রদেশ সরকারের কারো স্বাক্ষর নেই। শুধুমাত্র মৃতের নাম–ঠিকানা আর যিনি মৃতদেহ নিচ্ছেন, সেই পরিজনের নাম ও স্বাক্ষর থাকছে। এমন চিরকুট–সহ দেহ নিয়ে আসার পর দাহ করার সময় ডেথ সার্টিফিকেট না থাকায় আইনি জটিলতা তৈরি হচ্ছে। এই বিষয়ে জানতে পারার পর মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি মুখ্য সচিব কে উত্তরপ্রদেশ সরকারের সঙ্গে কথা বলে সমস্যা সমাধানের নির্দেশ দেন বলে নবান্ন সূত্রে জানা

গিয়েছে। রাজ্যের বিদ্যুৎ ক্রীড়া ও যুব কল্যাণ দপ্তরের মন্ত্রী অরূপ বিশ্বাস বলেন উত্তরপ্রদেশ সরকারের আচরণ অমানবিক। ডেথ সার্টিফিকেট না পাওয়া গেলে মৃতের পরিজন কোনও ভাবেই মৃতের সম্পত্তির উত্তরাধিকারও দাবি করতে পারবেন না। মুখ্যমন্ত্রী নির্দেশ দিয়েছেন রাজ্য সরকার সম্পূর্ণ মানবিকতার সঙ্গে বিচার করেই যাবতীয় সিদ্ধান্ত নেবে।

০০০০০০০০০০০০০০০০০০০০

প্রয়াগরাজের কুম্ভমেলায় চূড়ান্ত অব্যবস্থা চলছে বলে মন্তব্য করেছেন তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক তথা সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়। আজ দিল্লি যাওয়ার আগে দমদম বিমানবন্দরে তিনি সাংবাদিকদের বলেন, স্নানের ভালো ব্যবস্থা করা হয়েছে কেবল বড়লোক ও ভিআইপিদের জন্য। গরিব মানুষ ও বয়স্কদের জন্য কোনও ব্যবস্থা করা হয়নি। মৃতের সংখ্যা নিয়েও নানারকম ভুল তথ্য দেওয়া হচ্ছে।

( বাইট)

০০০০০০০০০০০০০০০০০০০০০

নৈহাটিতে  দুষ্কৃতীদের গুলিতে খুন হয়েছেন সন্তোষ যাদব নামে বত্রিশ বছরের এক তৃণমূল কর্মী.। তাঁকে লক্ষ্য করে পর পর তিন থেকে চার রাউন্ড গুলি চালানো হয়। ঘটনাস্থলে নৈহাটি থানার পুলিশ পৌঁছে গিয়েছে । তৃণমূল নেতৃত্ব বিজেপি আশ্রিত দুষ্কৃতীদের বিরুদ্ধে অভিযোগ করেছে। নৈহাটি পানি ট্যাংকির কাছে ঘটনাটি ঘটে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যপাল সিভি আনন্দ বোসের অভিভাষনের মধ্যে দিয়ে আগামী দশই ফেব্রুয়ারি রাজ্য বিধানসভার বাজেট অধিবেশন শুরু হবে। অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় আজ

সাংবাদিকদের বলেন, ভাষনের উপরে আলোচনার জন্যে একদিন রাখা হবে। অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য বারো তারিখে আগামী অর্থ বছরের বাজেট প্রস্তাব পেশ করবেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০

মানুষের জীবনের নিরাপত্তার কথা মাথায় রেখেই বে-আইনী অবৈধ নির্মাণ ভাঙার কাজ পুরসভা করে যাবে বলে রাজ্যের পুর ও নগরোন্নয়নমন্ত্রী তথা কলকাতা পুরসভার মেয়র ফিরহাদ হাকিম মন্তব্য করেছেন। কলকাতার ট্যাংরা এলাকার ক্রিস্টোফার রোডে অবৈধ হেলে পড়া ফ্যাট বাড়ি গতকাল পুরসভার কর্মীরা ভাঙতে গেলে আবাসিকদের প্রবল বিক্ষোভ ও প্রতিরোধের কারণে পুরসভার কর্মীরা তা ভাঙার কাজ শুরু করতে পারেনি। তবে, আজ ওই বে-আইনী হেলে পড়া বাড়ির একটি অংশ ভাঙার কাজ পুরসভা শুরু করেছে বলে জানা গেছে।

মেয়র জানিয়েছেন, দেশের শীর্ষ আদালতের নির্দেশে বিল্ডিং প্ল্যান অনুমোদনের পাশাপাশি বাড়ির কমপ্লিশন সার্টিফিকেট বাধ্যতামূলক করা হয়েছে। বাড়ির কমপ্লিশন সার্টিফিকেট ছাড়া জলের সংযোগ, বিদ্যুতের সংযোগ, নিকাষি ব্যবস্থার সংযোগ সহ কোন পরিষেবা প্রদান করা হবে না বলে মেয়র ফিরহাদ হাকিম জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

হাতি সহ অন্য যে কোনও বন্য জন্তুর আক্রমণে ফসল নষ্ট হয়ে যাওয়ার ঘটনায় ক্ষতিপূরণ পাওয়ার প্রক্রিয়া সহজতর করতে রাজ্য সরকার নতুন অ্যাপ আনছে। এই অ্যাপের সাহায্যে ক্ষতিপূরণের জন্য সরাসরি আবেদন করা যাবে। পাশাপাশি নাম নথিভুক্তিকরণের ক্ষেত্রে সরকারি পরিচয়পত্র এবং আধার নম্বর নথিভুক্ত করা বাধ্যতামূলক হওয়ায় ক্ষতিপূরণ নিয়ে জালিয়াতির ঘটনাতেও লাগাম টানা যাবে বলে রাজ্যের বন দফতর আশাবাদী । জানা গেছে ওই অ্যাপ এর মাধ্যমে হাতি বা অন্য পশুর হামলায় জমির যে অংশের ফসল নষ্ট হবে, মোবাইল ক্যামেরায় তার ছবি তুলে অ্যাপে আপলোড করে দিতে হবে। সঠিক অবস্থান বুঝতে জিও লোকেশন ব্যবহার করা

হবে।রাজ্যের তথ্য–প্রযুক্তি দফতরের অধীনস্থ সংস্থা ওয়েবেল টেকনোলজি লিমিটেড এই অ্যাপ তৈরি করছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

ইডেনে রঞ্জি ট্রফি ক্রিকেটের ম্যাচে দ্বিতীয় দিনের শেষে বাংলা পাঞ্জাবের বিরুদ্ধে ৮৮ রানে এগিয়ে আছে। ৪ উইকেটে ১১৯ রান নিয়ে আজ দ্বিতীয় দিনের খেলা শুরু করার পর প্রথম ইনিংসে ৩৪৩ রানে শেষ হয়। বাংলার হয়ে সুরোজ সিন্ধু জয়সওয়াল ১১১ রান করেন।

উল্লেখ্য, পাঞ্জাব প্রথম ইনিংসে ১৯১ রান করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

মুম্বাই-এ আজ সন্ধ্যায় আই এস এল ফুটবলে ইস্টবেঙ্গল মুম্বাই সিটি এফ সি-র মুখোমুখি হয়েছে। শেষ  পাওয়া খবরে জানা গেছে  - খেলা গোলশূন্য।

দুটি দলই  ১৭-টি করে ম্যাচ খেলেছে। মুম্বাই ২৭ পয়েন্ট নিয়ে লিগ তালিকার ষষ্ঠস্থানে এবং ইস্টবেঙ্গল ১৭ পয়েন্ট নিয়ে একাদশস্থানে রয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

সরস্বতী পুজো আসার আগেই দক্ষিণবঙ্গে ভালোমতোই গরম অনুভূত হচ্ছে। গতকাল কলকাতার সর্বোচ্চ তাপমাত্রা ২৭ দশমিক ৬ ডিগ্রী সেলসিয়াসে পৌঁছে যায়। আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা ২১ দশমিক ২ ডিগ্রী সেলসিয়াস রেকর্ড করা হয়েছে। যা স্বাভাবিকের থেকে অনেকটাই ৫ দশমিক ৬ ডিগ্রী সেলসিয়াস বেশি। আলিপুর আবহাওয়া দফতর জানিয়েছে,  আগামীকালও সর্বনিম্ন তাপমাত্রা ২১ ডিগ্রী সেলসিয়াস

থাকবে। সর্বোচ্চ তাপমাত্রা ২৮ ডিগ্রী সেলসিয়াস হতে পারে। সারাদিনই আংশিক মেঘলা আকাশ ও সকালের দিকে কুয়াশা থাকবে। এই পরিস্থিতি আগামী কয়েকদিন বজায় থাকবে বলে আবহাওয়া বিজ্ঞানীদের অভিমত। মূলত পশ্চিমী ঝঞ্ঝার কারণেই হঠাৎ করেই শীত বিদায় নিল বলে মনে করা হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০